গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
জগন্নাথপুর,সুনামগঞ্জ
wwwdgf ood.gov.bd

**২৪ /১২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যলয়ের ২য় স্টাফ সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ মোঃ শাহাব উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জগন্নাথপুর, সুনামগঞ্জ
সভার তারিখ ও সময়ঃ ২৪ /১২/২০২৩ খ্রি.তারিখ বিকাল ০৩.০০ঘটিকা।
স্থানঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ
উপস্থিতিঃ সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা- পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জামালগঞ্জ-এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে স্টাফ সভায় উপস্থিত সম্মানিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন সোনার বাংলা গড়ার প্রত্যয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে স্টাফ সভা করতে হবে। উক্ত শুদ্ধাচার কৌশল, কর্মপরিকল্পনা ও উত্তম চর্চা বাস্তবায়নে উপস্থিত সকলকে সম্যক ধারনা প্রদান করেন। অতঃপর সভায় বিভিন্ন শাখার কার্যক্রম, শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনায় শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/ নং | শাখার নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রশাসন শাখা | অত্র দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের এবং অত্র দপ্তরের আওতাধীন কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি, বদলি, লেখাপড়ার অনুমতি, চাকরি খতিয়ানে শিক্ষাগত যোগ্যতা অন্তর্ভূক্তি, পাসপোর্ট তৈরি NOC প্রদানসহ বিভিন্ন প্রকার ব্যক্তিগত কাযদি দ্রততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য সভাপতি গুরুত্ব আরোপ করেন এবং বিভিন্ন পরামর্শ প্রদান করেন। তিনি দপ্তরের সকল রিপোর্ট প্রদান করার জন্য খাদ্য পরিদর্শককে নির্দেশ প্রদান করেন। | অত্র দপ্তর/ অত্র দপ্তরের আওতাধীন কর্মকর্তা/ কর্মচারীদের চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দ্রতুতার সাথে সেবা দিতে হবে। | খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর। |
| ০২ | হিসাব শাখা | সভাপতি বলেন, অত্র দপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের বেতনভাতা বিল যথা সময়ে প্রস্তুত করে হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করতে হবে। বিদ্যুৎ বিল, কর্মকর্তা ও কর্মচারী ভ্রমণ বিলসহ সকল প্রকার বিল যথাসময়ে পরিশোধ করতে হবে। কোন প্রকার বিল বকেয়া রাখা যাবে না। | কর্মকর্তা/ কর্মচারীদের বেতনভাতা বিল যথা সময়ে প্রস্তুত করে হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করতে হবে। বিদ্যুৎ বিল, , কর্মকর্তা ও কর্মচারী ভ্রমণ বিলসহ সকল প্রকার বিল যথাসময়ে পরিশোধ করতে হবে। | খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর। |
| ০৩ | মজুদ শাখা | সভাপতি বলেন, মজুদ শাখা একটি গুরুত্বপূর্ণ শাখা। অত্র উপজেলায় মোট ২টি কার্যকর এল.এস.ডি রয়েছে। ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয় ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে দৈনিক, সাপ্তাহিক, মাসভিত্তিক প্রতিবেদন যথাসময়ে উর্দ্ধতন দপ্তরে নির্ভূল ভাবে প্রেরণ করতে হবে। | খাদ্যশস্যের মজুদ, বিলি-বিতরণের তথ্য সংগ্রহ করে দৈনিক, সাপ্তাহিক, মাসভিত্তিক প্রতিবেদন যথাসময়ে উর্দ্ধতন দপ্তরে প্রেরণ করতে হবে। | খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর। |
| ০৪ | সরবরাহ শাখা | সভাপতি বলেন, অত্র উপজেলায় ওএমএস ও খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালিত হলে তা যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। এ সংক্রান্ত যে কোন তথ্য উপাত্ত যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | ও.এম.এস এবং খাদ্যবান্ধব কর্মসূচীর দৈনিক প্রতিবেদন যথাসময়ে উর্দ্ধতন দপ্তরে প্রেরণ করতে হবে। | খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর। |
| ০৫ | সংগ্রহ শাখা ও কারিগরি শাখা। | সভাপতি বলেন, খাদ্য বিভাগ বোরো ও আমন এ দুই মৌসুমে খাদ্যশস্য সংগ্রহ করে থাকে। উক্ত দুই মৌসুমে উৎপাদন তথ্য, চালকলের মিলিং তথ্য এবং সম্ভাব্য সংগ্রহ মূল্য উপজেলা কৃষি অফিস হতে সংগ্রহ করে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে দ্রুততার সাথে প্রেরণ করতে হবে। সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে মনিটরিং জোরদার করতে হবে। সংগৃহীত খাদ্যশস্যের ভৌত বিশ্লেষণ প্রতিবেদন সংগ্রহ করে উর্দ্ধতন দপ্তরে প্রেরণ করতে হবে। | বোরো ও আমন এ দুই মৌসুমের উৎপাদন তথ্য, চালকলের মিলিং তথ্য এবং সম্ভাব্য সংগ্রহ মূল্য উপজেলা কৃষি বিভাগ হতে হতে সংগ্রহ করে জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ে দ্রুততার সাথে প্রেরণ করতে হবে। | খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহাব উদ্দিন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

জগন্নাথপুর,সুনামগঞ্জ

স্মারক নং- ১৩.০১.৯০৪৭.০০১.৪৪.০৪৩.২১. ৫৮ তারিখঃ ২৪/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জগন্নাথপুর/ রানীগঞ্জ এলএসডি, সুনামগঞ্জ।

৪। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

৫। জনাব-----------------------------------------------------------------------, , অত্র দপ্তর।

৬। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

জগন্নাথপুর,সুনামগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
জগন্নাথপুর,সুনামগঞ্জ
wwwdgf ood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৯০৪৭.০০১.৪৪.০৪৩.২১.৪৮ তারিখঃ ২০/১২/২০২৩ খ্রিঃ।

"সভার নোটিশ"

বিষয়- ২য় স্টাফ সভা।

আগামী ২৪ /১২/২০২৩ খ্রী. তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে স্টাফ সভা অত্র কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে অত্র কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচ্য সূচীঃ
ক) দাপ্তরিক ও নাগরিক সেবা
খ) বিবিধ।

(মোঃ শাহাব উদ্দিন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জগন্নাথপুর,সুনামগঞ্জ

স্মারক নং- ১৩.০১.৯০৫০.০০১.৪৪.০৪৩.২১.৪৮ তারিখঃ ২০/১২/২০২৩ খ্রিঃ।
অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।
১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জগন্নাথপুর/ রানীগঞ্জ এলএসডি, সুনামগঞ্জ।
৪। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫। জনাব-----------------------------------------------------------------------, , অত্র দপ্তর।
৬। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জগন্নাথপুর,সুনামগঞ্জ